

ঢাকা ওয়াসা

বিষয়ঃ “Smart Land Management & Governance Training for DWASA”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার ভূমির যুগোপযোগী ব্যবস্থাপনার জন্য ঢাকা ওয়াসায় কর্মরত ভূমি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনা বিষয়ে “Smart Land Management & Governance Training for DWASA”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রশিক্ষণটিতে অংশগ্রহণের জন্য ঢাকা ওয়াসায় কর্মরত ২৫ (পঁচিশ) জন কর্মকর্তা/কর্মচারির তালিকা (সংযুক্তি-৭) প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে ভূমি সংশ্লিষ্ট বিভিন্ন আইন-কানুন ও বিধিনিধান অনুসরণপূর্বক প্রশিক্ষণ কর্মসূচী (সংযুক্তি-৮) প্রণয়ন করা হয়েছে। প্রশিক্ষণটি আগামী ০৭-০৯ এপ্রিল ২০২৬ মেয়াদে ০৩ (তিন) কর্মদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ২৫ (পঁচিশ) জন অংশগ্রহণকারীর মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষার্থী যৌক্তিক কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অসমর্থ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তা/কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। কোর্সটিতে ঢাকা ওয়াসা ও ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর হতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে।

০২। ০৩ (তিন) কর্মদিবসব্যাপী অনুষ্ঠেয় উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৪৭,৪০০/-	৯ সেশন ৩,৬০০/- টাকা হারে+৫ সেশন ৩,০০০/- টাকা হারে
(খ) প্রশিক্ষার্থীদের ভাতা	৫৫,৮০০/-	(১৮ জন ৮০০/- হারে+০৭ জন ৬০০/- হারে)×৩ দিন
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৬,০০০/-	২,০০০/- টাকা হারে ৩ দিন
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৪,৫০০/-	১,৫০০/- টাকা হারে ৩ দিন
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৬,০০০/-	২ জন ১,০০০/- টাকা হারে ৩ দিন
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা-নাস্তা	৫৫,৬৮০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৫৮০- টাকা হারে)×৩ দিন
(ছ) পানি	৩,২৪০/-	(আধা লিটার ৮ কেস ১৩৫/- টাকা হারে)×৩ দিন
(জ) ব্যাগ, নোটবুক ও কলম	২১,২৫০/-	২৫ সেট ৮৫০/- টাকা হারে
(ঝ) ২৫ টি ভূমি রেকর্ড ব্যবস্থাপনা সংক্রান্ত বই, ফটোকপি ও বিবিধ	২০,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=২,১৯,৮৭০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ উনিশ হাজার আটশত সত্তর মাত্র)

০৩। এমতাবস্থায়, “Smart Land Management & Governance Training for DWASA”-শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ২৫ জন প্রশিক্ষার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচী এবং প্রশিক্ষণ কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,১৯,৮৭০/- (দুই লক্ষ উনিশ হাজার আটশত সত্তর মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

মোঃ আমিরুল ইসলাম
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দাঃ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(ব্যবস্থাপনা পরিচালক)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।